

## **বিষয়: চলতি বোরো মৌসুমে ধানের মাঠে চিটা এবং শিষ মরে যাওয়া বিষয়ে গঠিত কমিটির প্রতিবেদন।**

উক্ত বিষয়ে গঠিত কমিটি অদ্য ০৮/০৪/২০২১ খ্রি. তারিখে ময়মনসিংহের সুতিয়াখালীতে বোরো ধানের বিভিন্ন প্লট পরিদর্শন করেন। গত ০৫/০৪/২০২১ খ্রি. তারিখে সন্ধ্যায় ঝড়ে হাওয়ায় বোরো ধানের ফুল ফোঁটা পর্যায়ে পরাগরেনু ঝড়ে পড়ার কারণে চিটা হয়েছে বলে কমিটির কাছে প্রতীয়মান হয়। ঝড়ের সময় গরম বাতাস এবং শিলা বৃষ্টি ধানের চিটা হওয়ার জন্য দায়ী হতে পারে। ঝড়ের সময় যে সমস্ত ধানের জাতে ফুল ফোঁটা পর্যায় আসেনি কিংবা দানা গঠন শেষ পর্যায়ের দিকে সেগুলো ক্ষতিগ্রস্ত হয়নি। সংবেদনশীল জাতসমূহে চিটার পরিমাণ প্রায় ৮০% পর্যন্ত হয়েছে। ক্ষতিগ্রস্ত ধানের ছড়ায় রোগ-জীবাণুর সংক্রমণ থাকতে পারে। সেজন্য নমুনা সংগ্রহ করে পরীক্ষার ব্যবস্থা নেয়া হয়েছে। কোন কোন মাঠে রোগ-জীবাণু পরিলক্ষিত হয়েছে (ব্যাকটেরিয়াল লিফ ব্লাইট ও সীথ ব্লাইট) তা ক্ষতিকর পর্যায়ের নীচে অবস্থান করছে। উল্লেখ্য, ক্ষতিগ্রস্ত কৃষকদের সাক্ষাৎকার নেয়া হয়েছে এবং তাঁরা ঝড়ের কারণে ধানে চিটা হয়েছে বলে জানিয়েছেন।

### **প্রতিকার/সুপারিশসমূহ:**

- ১) উচ্চ তাপমাত্রার (৩৫• সে. এর বেশী) ক্ষতি কমানোর জন্য জমিতে ২"-৩" পানি ধরে রাখতে হবে।
- ২) উচ্চ তাপমাত্রা সহনশীল জাত উদ্ভাবন প্রয়োজন।
- ৩) অধিক ক্ষতিগ্রস্ত কৃষক স্বল্প জীবনকালীন আউশ ধান চাষ করে ক্ষতি পুষিয়ে নিতে পারেন।